



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
উপমহাপরিদর্শকের কার্যালয়
ঢাকা-ময়মনসিংহ মহাসড়ক, মাসকান্দা, ময়মনসিংহ।
dife.mymensingh.gov.bd



“নিশ্চিত করি শোভন কর্মপরিবেশ
সমৃদ্ধ হবে বাংলাদেশ”

প্রশিক্ষার্থীদের জন্য নির্দেশিকা:

নির্দেশনা-১:

লিমা আইডি খোলা:

- (১) Google Chrome ব্রাউজার হতে lima.dife.gov.bd ব্রাউজ করে লগ ইন আইকন চাপুন।
- (২) “অ্যাকাউন্ট নেই? রেজিস্টার করুন” অপশন চাপুন।
- (৩) “আমি একজন প্রতিষ্ঠান মালিক/মালিকের প্রতিনিধি” অপশন চাপুন।
- (৪) “ইমেইল অথবা মোবাইল নম্বর” অপশনে গিয়ে কারখানার স্থায়ী যে কোন ইমেইল অথবা মোবাইল নম্বর লিখুন। (কারখানা/প্রতিষ্ঠানের ব্যবহারের জন্য আইডি খোলার ক্ষেত্রে ব্যক্তি পরিবর্তন হলেও ইমেইল অথবা মোবাইল নম্বর পরিবর্তন হবে না এমন ইমেইল অথবা মোবাইল নম্বর ব্যবহার করাই উত্তম। কারণ Lima আইডিটি সংশ্লিষ্ট কারখানা/প্রতিষ্ঠানের সাথে সংযুক্ত/এসাইন করে দেওয়া হবে।)
- (৫) কারখানা/প্রতিষ্ঠানের পূর্ণ নাম/ব্যবহারকারীর পূর্ণ নাম দিন।
- (৬) নির্ধারিত নিয়মে পাসওয়ার্ড দিন (পাসওয়ার্ড কমপক্ষে ৭ ঘরের হতে হবে এবং সংখ্যা (0-9), বিশেষ অক্ষর (যেমন- *#@\$%&!), বড় হাতের (A-Z) অক্ষর, ছোট হাতের (a-z) অক্ষর অবশ্যই থাকতে হবে)
- (৭) স্ক্রিনে প্রদর্শিত সিকিউরিটি ‘ক্যাপচা’ দিন।
- (৮) ‘রেজিস্টার’ অপশন চাপুন।
- (৯) ব্যবহৃত ইমেইল অথবা মোবাইল নম্বরে প্রেরিত লিংক/OTP ব্যবহার করুন।
- (১০) লগ ইন করুন।